গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী।

## উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী;

সভাপতি : **জনাব চৌধুরী মুস্তাফিজুর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ।

তারিখ: ১৯/১১/২০২৫খ্রি. সময়: সকাল: ১১.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পৃথকভাবে সংরক্ষণ করা হ'ল।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান । সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ/ ২০২৫-২৬ এর আওতায় খাদ্য মন্ত্রণালয়ের ১২/১১/২০২৫ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০০১.১৭-৫৫নং স্মারকে বালিয়াকান্দি উপজেলায় ১১৭.০০০ মে.টন আমন ধান এবং ১২/১১/২০২৫ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৩.৩৫.০০০১.১৭-৫৬ নং স্মারকে ৭৬.০০০ মে.টন আমন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩৪/-(চৌত্রিশ) টাকা এবং প্রতি কেজি আমন সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৫০/-(পঞ্চাশ) টাকা। সংগ্রহের মেয়াদ ২০/১১/২০২৫ খ্রি. তারিখ হতে ২৮/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত। মিলারদের সাথে চুক্তি সম্পাদনের তারিখ ২০/১১/২০২৫খ্রি. তারিখ হতে ০৪/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত । বালিয়াকান্দি উপজেলার সংগ্রহ লক্ষ্যমাত্রাকৃত ধান "কৃষকের এ্যাপস" এর মাধ্যমে নির্বাচিত কৃষকদের নিকট হতে সংগ্রহের পাশাপাশি উপজেলা কৃষি অফিস হতে প্রদত্ত আমন ধান আবাদকারী কৃষকের তালিকা উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির অনুমোদন সাপেক্ষে উক্ত তালিকা হতে "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে। উপজেলা কৃষি অফিস হতে ইতোমধ্যে ৭০৬ জন আমন ধান আবাদকারী কৃষকের তালিকা পাওয়া গেছে। "কৃষকের এ্যাপস" এর মাধ্যমে ধান বিক্রয়ে কৃষকদের অবগতির জন্য দ্রুত লিফলেট বিতরণ ও মাইকিংসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার-প্রচারণার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ সংক্রান্ত লিফলেট ও মাইকিং এর অডিও পাওয়া মাত্রই প্রচার-প্রচারণা জোরদার করা হবে। সংগ্রহ লক্ষ্যমাত্রাকৃত সিদ্ধ চাল জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক বিভাজন প্রাপ্ত রাইস মিলের সাথে চুক্তি সম্পাদনপূর্বক সংগ্রহ করা হবে। বালিয়াকান্দি উপজেলায় চলতি আমন সংগ্রহ/২০২৫-২৬ এর আওতায় ৪টি রাইস মিলের অনুকূলে ৭৬.০০০ মে:টন সিদ্ধ চালের বিভাজন প্রদান করা হয়েছে। উপজেলা কৃষি অফিসার জানান যে, বালিয়াকান্দি উপজেলায় প্রায় ৪০% এর মতো ধান কর্তন হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে আগামী ১৫-২০ দিনের মধ্যে ধান কর্তন সম্পন্ন হবে। এবার সংগ্রহ মূল্যের চেয়ে বাজারে ধানের দাম অনেকটাই কম বিধায় সংগ্রহ লক্ষ্যমাত্রাকৃত ধান সংগ্রহ সম্ভব হবে। তিনি আরো জানান ইতোমধ্যে উপসহকারী কৃষি অফিসারদের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষকদের সরকারি গুদামে ধান বিক্রয়ের জন্য উদ্বুদ্ধকরণ করা হচ্ছে। সভাপতি বলেন সংগ্রহ লক্ষ্যমাত্রাকৃত ধান ও চাল দ্রুত সংগ্রহ করতে হবে। অবশ্যই বিনির্দেশসম্মত ধান ও চাল সংগ্রহ করতে হবে। ধান ও চাল সংগ্রহে কোন মিলার ও কৃষক যেন কোন প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত সর্তকতা অবলম্বন করতে হবে । উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭, উপজেলাভিত্তিক ধান ও চালের বিভাজনপত্র, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যপত্র, বিভাজনপ্রাপ্ত রাইস মিলের তালিকা এবং কৃষি অফিস হতে প্রাপ্ত আমন ধান আবাদকারী কৃষকের ও সংগ্রহ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাসমূহ উপস্থাপন করেন।

অতঃপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭, উপজেলাভিত্তিক ধান ও চালের বিভাজনপত্র, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যপত্র, বিভাজনপ্রাপ্ত রাইস মিলের তালিকা এবং উপজেলা কৃষি অফিস হতে প্রাপ্ত আমন ধান আবাদকারী কৃষকের তালিকা ও সংগ্রহ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তসমূহ;**

১। আমন ধান উৎপাদিত কৃষকদেরকে সরকারী গুদামে ধান বিক্রয়ের জন্য "কৃষকের এ্যাপস" এর মাধ্যমে ধান বিক্রয়ের আবেদন ও নিবন্ধনে উদ্বুদ্ধকরণের জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।

২। উপজেলা কৃষি অফিস হতে সরবরাহকৃত আমন ধান আবাদকারী কৃষকের তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদনকৃত কৃষকের তালিকা হতে "আগে আসলে আগে বিক্রয় করতে পারবেন" ভিত্তিতে ধান সংগ্রহ করতে হবে।

৩। উপজেলা কৃষি অফিসারকে তার অধীনস্থ উপকারসহকারী কৃষি কর্মকর্তাণকে "কৃষকের এ্যাপস'এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদনে উদ্বুদ্ধকরণ এবং অনুমোদনকৃত তালিকাভুক্ত কৃষকদের সরকারি খাদ্য গুদামে ধান বিক্রয়ের বিষয়ে প্রচার-প্রচারণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

চলমান পাতা-২

৪। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানক কৃষকের এ্যাপস বিষয়ে তার ইউনিয়নে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন। সকল ইউনিয়ন উদ্যোক্তাগণকে কৃষকের এ্যাপসে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন করার ক্ষেত্রে কৃষকগণকে সার্বিক সহযোগিতা করবেন।

৫। লটারীর জন্য নির্ধারিত সময়ে কৃষকের এ্যাপসে আবেদনকারী কৃষকদের মধ্যে যারা উপজেলা কৃষি অফিসার কর্তৃক অনুমোদিত কৃষক হিসেবে নির্বাচিত হবে তাদের মধ্য হতে কৃষক নির্বাচনী লটারীপূর্বক কৃষক নির্বাচন করা হবে।

৬। লটারী মাধ্যমে নির্বাচিত কৃষক ও চুক্তিকৃত রাইস মিল মালিকদের নিকট হতে অবশ্যই বিনির্দেশসম্মত ধান ও চাল সংগ্রহ করতে হবে। কোনভাবেই বিনির্দেশ বহির্ভূত ধান ও চাল সংগ্রহ করা যাবে না।

৭। জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক সিদ্ধ চাল বিভাজনপ্রাপ্ত ৪ টি রাইস মিল মালিকদের নিকট হতে লক্ষ্যমাত্রাকৃত সিদ্ধ চাল সংগ্রহ করতে হবে।

৮। গুদামে আগত কোন কৃষক ও মিলারকে কোন প্রকার হয়রানি করা যাবেনা। তারা যেন সহজে ও সঠিক নিয়মে তাদের ধান ও চাল গুদামে বিক্রয় করতে পারে সে বিষয়ে তাদেরকে পূর্ণ সহযোগিতা প্রদান করতে হবে।

৯। সংগ্রহ কাজে কোন প্রকার অনিয়ম ও দুর্নীতি হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

চৌধুরী মুস্তাফিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী।
ucfbaliakandi@gmail.com

স্মরক নং-১৩.০১.৮২০৭.০০৫.৪৫.০০১.২৫.৪৪৬ তারিখ: ১৯/১১/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী।
৫। উপজেলা কৃষি অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৬। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৮। কৃষক প্রতিনিধি, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৯। সভাপতি, উপজেলা চালকল মালিক সমিতি, বালিয়াকান্দি,রাজবাড়ী।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা,নলিয়াগ্রাম এলএসডি, বালিয়াকান্দি, রাজবাড়ি।
১১। চেয়ারম্যান (সকল)............................ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
১২। উদ্যোগক্তা (সকল) ............................ইউনিয়ন পরষিদ, বালিয়াকান্দি,রাজবাড়ী।
১৩। অফিস কপি।

মনোতোষ কুমার মজমদার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বালিয়াকান্দি, রাজবাড়ী
ও
সদস্য সচিব
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি